

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১. ১৬-৫৬৬

তারিখ : ২৯/০৬/২০১৭ খ্রিঃ

বিষয় : বেসরকারি প্রতিষ্ঠান সমূহের নিরাপদ পানি ও সেনিটেশন ব্যবস্থা নিশ্চিত করণ সংক্রান্ত।

সূত্র : স্মারক নং-৩৭.০৩.০০০০.০৭০.০৩৬.০২৩.১৫-২৯ তারিখঃ ১৩/০৬/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১২/০৬/২০১৭খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:০০টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক জনাব কে এম আলী আজম এর সভাপতিত্বে আগামী জুলাই ২০১৭ মাসে অনুষ্ঠেয় শেরপা সংক্রান্ত সম্মেলন Light house event উপস্থাপন সংক্রান্ত প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উল্লেখ করা হয় ২০১৮ সালের মধ্যে বাংলাদেশের নিরাপদ পানি ও সেনিটেশন ব্যবস্থাকে অন্য দেশের কাছে মডেল হিসেবে পরিচিত করা হবে। সভাপতি মহোদয় উক্ত সভায় সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি এম.পি.ও ভুক্ত প্রতিষ্ঠানসমূহ এবং বেসরকারি প্রতিষ্ঠান সমূহের নিরাপদ পানি ও সেনিটেশন ব্যবস্থার উপর ২০১৮ সালে মধ্য টাইম বাউন্ড একশন প্লান আগামী এক সপ্তাহের মধ্যে প্রেরণের প্রধান মন্ত্রীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করেন।

উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে, ২০১৮খ্রিঃ সালের মধ্যে বেসরকারি এম.পি.ও ভুক্ত কারিগরি প্রতিষ্ঠানসমূহকে নিজস্ব অর্থায়নে জাতীয় মানদণ্ড অনুযায়ী বাথরুমের সুবিধা পুরুষদের ক্ষেত্রে ৪০ : ০১ ও মহিলাদের জন্য ২৫ : ০১ ; বেসিনের সুবিধা পুরুষদের ক্ষেত্রে ৬০ : ০১ ও মহিলাদের জন্য ৪০ : ০১ অনুপাতে প্রতি প্রতিষ্ঠানে কমপক্ষে ০২টি এবং সুপেয় পানির জন্য ৫০ : ০১ অনুপাতে ফিল্টারিং ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক তা নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্যও অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক

(বেসরকারি কারিগরি এমপিওভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ)

(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

- ১। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডরিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।